



ড. এম. খায়রুল হোসেন

চেয়ারম্যান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

তারিখ: ১০ সেপ্টেম্বর ২০১৮ ইং

## মুখবন্ধ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই বৎসর ২৫ বৎসরে পদার্পন করেছে। এ উপলক্ষে কমিশনের রজতজয়ন্তী অনুষ্ঠানে রাষ্ট্রীয় শত ব্যস্ততার মাঝেও মাননীয় প্রধানমন্ত্রী আমাদের মাঝে উপস্থিত হতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন যা কমিশন ও পুঁজিবাজারের প্রতি তাঁর অকুণ্ঠ সমর্থন প্রকাশ করে। আমি মাননীয় প্রধানমন্ত্রীকে কমিশন তথা সমগ্র পুঁজিবাজারের পক্ষ থেকে আমাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি।

মাননীয় অর্থমন্ত্রী সবসময় পুঁজিবাজারের প্রতি তাঁর সমর্থন জানিয়ে এসেছেন এজন্য আমি তাঁর প্রতিও জানাচ্ছি আন্তরিক কৃতজ্ঞতা।

ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, তালিকাভুক্ত কোম্পানিসমূহ, আইসিবি, মার্চেন্ট ব্যাংকসমূহ এবং অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহ এ অগ্রযাত্রায় আমাদের সহযোগী। আমি কমিশনের পক্ষ থেকে তাদেরকে জানাই আন্তরিক অভিনন্দন।

আমি কমিশন এবং কমিশনের কর্মচারীবৃন্দকে তাঁদের নিরলস পরিশ্রমের জন্য জানাচ্ছি আমার কৃতজ্ঞতা। একটি পেশাগত এবং নিরলস কর্মীবাহিনীর প্রধান হিসাবে আমি গর্বিত।

সর্বোপরি যাঁদের জন্য আমাদের সকল কর্মপ্রয়াস সেই সম্মানিত বিনিয়োগকারীদের প্রতি রইলো আমাদের শুভেচ্ছা। ভবিষ্যতেও তাঁদের সুরক্ষা এবং পুঁজিবাজারের ব্যাপ্তি যাতে উত্তরোত্তর বৃদ্ধি পায় তার জন্য আমাদের প্রয়াস অব্যাহত থাকবে।

ড. এম. খায়রুল হোসেন